

শুগান্থ

প্রিন্ট: ১৩ মে ২০২৫, ০৯:২৫ এএম

শিক্ষাজ্ঞন

শাটডাউনে অচল বরিশাল বিশ্ববিদ্যালয়



বরিশাল বুর্জো

প্রকাশ: ১২ মে ২০২৫, ০১:৫৫ পিএম



উপাচার্য ড. শুচিতা শরমিনের পদত্যাগের দাবিতে শিক্ষার্থীদের ডাক দেওয়া একাডেমিক ও প্রশাসনিক শাটডাউনে বারিশাল বিশ্ববিদ্যালয়ে (বাব) স্থাবরতা দেখা দিয়েছে। সোমবার বিশ্ববিদ্যালয়ের ২৫ বিভাগের শিক্ষকরাও ক্লাস বর্জন করে শিক্ষার্থীদের আন্দোলনের প্রতি

সংহাত প্রকাশ করেছেন।

ফলে ববির সব ক্লাসরুম ফাকা পড়ে আছে। বন্ধ রয়েছে সকল প্রশাসনিক কার্যক্রম। তবে চলমান সেমিস্টার ফাইনাল পরীক্ষা, চিকিৎসা ও পরিবহণ, লাইব্রেরিসহ জরুরি সেবা অব্যাহত থাকবে বলে জানিয়েছে আন্দোলনরত শিক্ষার্থীরা।

২৭ দিন ধরে চলা এ আন্দোলনের মধ্যে রোববার খোলা চিঠি দিয়ে সকল বিভাগের শিক্ষক ও প্রশাসনিক কর্মীদের ক্লাস এবং অফিস কার্যক্রম থেকে বিরত থাকার আহ্বান জানিয়েছিলেন শিক্ষার্থীরা। এর কয়েকদিন আগে প্রশাসনিক দপ্তরগুলোতে তালা ঝুলিয়ে দিয়েছিল আন্দোলনরতরা।

আন্দোলনকারী শিক্ষার্থী সুজয় শুভ বলেন, ‘শিক্ষার্থীদের ন্যায্য অধিকার প্রতিষ্ঠায় চলমান আন্দোলন এখন অপেশাদার, মামলাবাজ ও অযোগ্য উপাচার্যের পদত্যাগের দাবিতে রূপ নিয়েছে। আমরা এ দাবি আদায়ে গ্রীক্যবদ্ধ। উপাচার্য যদি দ্রুত পদত্যাগ না করেন, তাহলে আরও কঠোর আন্দোলনে যেতে বাধ্য হবো।’

ববির বাংলা বিভাগের চেয়ারম্যান উমেষ রায় বলেন, ‘আমরা শিক্ষার্থীদের যৌক্তিক আন্দোলনের সঙ্গে সংহতি জানায়। প্রশাসনের প্রতি আহ্বান থাকবে, যাকে শিক্ষক-শিক্ষার্থী কেউই চান না তাকে অবিলম্বে অপসারণ করে সঞ্চারের সমাধান করুন।’

এ বিষয়ে ববি উপাচার্য অধ্যাপক ড. শুচিতা শরমিন ও প্রক্টর ড. সোনিয়া খান সন্তুষ্ট সঙ্গে একাধিকবার যোগাযোগের চেষ্টা করা হলেও বক্তব্য পাওয়া যায়নি।

উল্লেখ্য, উপাচার্যের পদত্যাগ দাবিতে চলমান কর্মসূচিতে ক্যাম্পাসসহ ঢাকা-কুয়াকাটা মহাসড়কে মশাল মিহিল, মহাসড়ক অবরোধ, ক্যাম্পাসে অবস্থান কর্মসূচি, উপাচার্যের বাসভবনে তালা, সংবাদ সম্মেলনসহ নানা কর্মসূচি করছে আন্দোলনরত শিক্ষার্থীরা।